

গোয়ালন্দ উপজেলার এপ্রিল-২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা আইন শৃঙ্খলা উপ-কমিটির সভার কায়বিবরণী

**সভাপতি :** জনাব মোঃ আসাদুজ্জামান চৌধুরী,  
ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ।  
**স্থান :** উপজেলা পরিষদ হলরুম, গোয়ালন্দ, রাজবাড়ী।  
**তারিখ :** ১০/০৪/২০২২ খ্রি। সময়: ১০-০০ঘটকায়।

সভায় উপস্থিত সদস্যদের হাজিরা রেজিস্টারে সংরক্ষিত আছে:

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভায় বিগত সভার কায়বিবরণী পাঠ করে শুনানো হয়। গত সভার কায়বিবরণীতে কোন সংশোধন, সংযোজন বা বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে সভাপতি যে সকল দপ্তর/প্রতিষ্ঠান তাদের উপর অপৃত দায়িত্ব সঠিকভাবে পালন করেছেন তাদের ধন্যবাদ জানান। এছাড়া যে স্থল দপ্তর-প্রধানগণ বিগত সবার গৃহীত সিফান্সমূহ এখনো বাস্তবায়ন করেননি তাদের গৃহীত সিফান্স মোতাবেক কায়ক্রম পরিচালনা করার জন্য অনুরোধ জানান।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	বাস্তবায়ন
০১	মাদক সন্ত্রাস ওজঙ্গীবাদ দমন	মাদক প্রতিরোধ বিভিন্ন গ্রামে টহল দিতে হবে। চর এলাকায় বেশি মাদক বিক্রি করে থাকে। পৌরসভা, ইউনিয়ন ও ওয়ার্ডে পর্যায়ে মাদক, সন্ত্রাস ও জঙ্গীবাদ বিরোধ সভা অব্যাহত রাখতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও অফিসার ইন-চার্জ
০২	আইন-শৃঙ্খলা সংক্রান্ত	সকল ওয়ার্ডে ওয়ার্ডে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখাসহ অপরাধ নিয়ন্ত্রণে করতে হবে এবং সমাজে গণ্যমান্য সর্বাইকে সচেতন করতে হবে। কেউ যেন নাশকতা সৃষ্টি করতে না পারে তার জন্য সকলকে সজাগ থাকতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও অফিসার ইন-চার্জ
০৩	বাল্য বিবাহ প্রতিরোধ	বাল্যবিবাহ সাথে জড়িত অভিভাবক, ব্যক্তি ও কাজীর বিরুক্তে কঠোর পদক্ষেপ নিতে হবে। বাল্য বিবাহ প্রতিরোধ বিভিন্ন এলাকায় গিয়ে ছাত্র-ছাত্রী, অভিভাবককে কুফল সম্পর্কে অবহিত করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইন- চার্জ, মেয়র, ইউপি চেয়ারম্যান(সকল), ওয়ার্ড সদস্য (সকল)।
০৪	পুরুর রোধ খনন	বিভিন্ন ইউনিয়নে কৃষি জমিতে বাণিজ্যিক উদ্দেশ্য অবৈধ ডেজার দিয়ে মাটি কাটা বজের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইন- চার্জ, মেয়র, ইউপি চেয়ারম্যান(সকল),

অতঃপর সভার অন্য আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ আসাদুজ্জামান চৌধুরী)  
**সভাপতি**  
উপজেলা আইন শৃঙ্খলা উপ-কমিটির  
ও  
ভাইস-চেয়ারম্যান  
উপজেলা পরিষদ, গোয়ালন্দ, রাজবাড়ী।